

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



ফুড ডিজাইন প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ ফুড ডিজাইন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। ফুড ডিজাইন প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “স্বাস্থ্যকর খাদ্যাভাস”।

খ গ্রুপ: “তরুণদের সুখম খাদ্যাভাস”।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “ফুড ডিজাইন প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

ফরম্যাট: MP4 (মোবাইল ফোন ফরম্যাট)।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/২০২১



স্কেরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	বিষয় উপস্থাপন	৩০
২.	ব্যবহৃত উপাদান	৩০
৩.	পুষ্টি বার্তা	২০
৪.	সৌন্দর্য্য	১০
৫.	নিয়মাবলী অনুসরণ	১০

ফুড ডিজাইন তৈরির নির্দেশনাঃ

ফুড ডিজাইনটি অবশ্যই উল্লেখিত বিষয় সম্পর্কিত হতে হবে এবং নিম্নোক্ত বিষয়গুলো খেয়াল রাখতে হবেঃ

- সমস্ত ফুড ডিজাইন অবশ্যই এমন হতে হবে যে পুরো প্যাটার্নটি একটি অখণ্ড রেখা দ্বারা তৈরি হয়, এর মধ্যে কোনও ফাঁক রাখা যাবে না।
- ডিজাইনটি ছোট পরিসরে ১৫ ইঞ্চি × ১৫ ইঞ্চি জায়গাতে করতে হবে।
- মৌলিক ডিজাইন বা বিভিন্ন ডিজাইন বই, ম্যাগাজিন এবং ওয়েবসাইট থেকে প্রতিলিপি নিয়ে করা যাবে না।
- ডিজাইন টি কার্ঠের বোর্ড, কার্ডবোর্ড, ট্রে, কাচের শীট, চার্ট পেপার ইত্যাদিতে করা যেতে পারে।
- খাদ্য উপকরণ, পাতা, মশলা নকশার বিকাশের জন্য ব্যবহার করা যেতে পারে।
- বাছাইকৃত উপাদান ব্যবহার করার কারণ।
- ব্যবহৃত উপাদানগুলোর অনুপাত।
- ডিজাইনটির ৩ টি পুষ্টি বার্তা।

প্রাথমিক বাছাই:

১১/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেয়া হবে, যেখানে ১২/১২/২০২১ তারিখে সরাসরি অংশগ্রহণ করতে হবে। ৩০ মিনিট সময়ের মধ্যে ফুড ডিজাইন সম্পন্ন করে প্রদর্শন করতে হবে।

চূড়ান্ত বাছাই:

১৭/১২/২০২১ তারিখে প্রাথমিক বাছাই থেকে বাছাইকৃত প্রতিযোগীদেরকে চূড়ান্ত বাছাইয়ের জন্য ZOOM লিংক ই-মেইলে দেয়া হবে। ই-মেইলের সাথে ফুড ডিজাইন প্রতিযোগিতার পরবর্তী বিষয় জানিয়ে দেয়া হবে এবং একটি Google Form দেওয়া হবে যেখানে সম্পন্নকৃত ফুড ডিজাইনটির ছবি ও ১ মিনিটের একটি ভিডিও প্রতিযোগিতা শেষ হওয়ার ১৫ মিনিটের মধ্যে সাবমিট করতে হবে। চূড়ান্ত বাছাই ১৯/১২/২০২১ তারিখে ZOOM এ অনুষ্ঠিত হবে।

যোগাযোগ:

ফুড ডিজাইন বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন সানজিদা শবনম এর সাথে, +৮৮০১৬৩৮০২৫৫২৭ এই নাম্বারে অথবা ই-মেইল করুন: sanjidatasneem395@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ এই ঠিকানায়।

বিশেষ দৃষ্টব্য:

- প্রতিযোগিতার সময় ক্যামেরা অন রাখতে হবে।
- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

অন্যান্য:

- নির্বাচিত ছবি/ভিডিও গুলো আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াডের দিন প্রদর্শন করা হবে এবং অলিম্পিয়াড পরবর্তী সময়ে BIID Foundation এর সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখানো হবে।
- নির্বাচিত ছবি/ভিডিও সমূহ BIID Foundation এর ওয়েবসাইটে আপলোড করা হবে।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

